কোটচাঁদপুরে প্রান্তিক কৃষকদের মাঝে সার-বীজ ও হারভেষ্টার মেশিন বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে ২০২১-২০২২ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে প্রনোদনা কর্মসূচির আওতায় কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে রাসায়নিক সার-বীজ ও হারভেষ্টার মেশিন বিতরণের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার বিকালে উপজেলা পরিষদ প্রাঙ্গনে উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসের বাস্তবায়নে প্রনোদনার এই সার-বীজ ও হারভেষ্টার মেশিন বিতরণ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার দেলোয়ার হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিধ মোঃ মহাসীন আলী। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার হুমায়ন কবির।

গাংনী সাব-রেজিস্ট্রারের বিরুদ্ধে ঘুষ বাণিজ্যের অভিযোগ

গাংনীর সাব-রেজিস্ট্রার মাহফুজ রানা বিরুদ্ধে অনিয়ম দুর্নীতি ও মানুষ ঠকিয়ে অর্থ বাণিজ্যের অভিযোগে ফুসে উঠেছে স্থানীয়রাসহ দলিল লেখক সমিতির সদস্যরা। জমি রেজিস্ট্রারের সময় নানা রকম বাহানা করে অর্থ হাতিয়ে নেয়া ও বিভিন্ন অজুহাতে গরিব মানুষকে

নিচ্ছেন কেন? আমার টাকা আমি মসজিদেও লোকজনকে দেব। আমাকে টাকার রশিদ দিন। তখনি নকল নবীশরা বিষয়টি চেপে যেতে বলেন।

এমন অভিযোগ করেন, হিজলবাড়িয়া গ্রামের মকলেচুর রহমান, তার কাছে নেয়া হয়েছে ৩ হাজার টাকা,শিরিপাড়া গ্রামের রফিকুলে কাছে নেয়া হয়েছে ৩ হাজার টাকা, এবং পলাশীপাড়া গ্রামের জয়নদ্দীনের কাছেও নেয়া হয়েছে ৪ হাজার টাকা। এমন অসংখ্য অভিযোগ খাড়া করেন উপস্থিতিরা। দলীল লেখকদের অনেকেই নাম প্রকাশ না করার শর্তে জানান, আমরা অনেক বিপদে রয়েছি। দলীল পাঠালেই টাকা দিতে হবে। নইলে দলিল ঠিক নেই। টাকা দিলেই সব ঠিক। এবিষয়ে অনেকেই প্রতিবাদ করতে এসে সাব রেজিস্ট্রার কর্র্তৃক হেনস্থা হয়েছেন। কেউ তার প্রতিবাদ করেই পুলিশ দিয়ে ভয়ভীতি দেখানো হয়। সম্প্রতি এক নাবালিকার আইডি কার্ড না থাকলেও টাকার বিনিময়ে জমি রেজিস্ট্রি করা হয়েছে এমন বিষয়ে জানতে চাইলে স্থঅনীয় যুবক তারেক হোসেনকে পুলিশ দিয়ে হয়রানীর চেস্টা করা হয়।

দলীল লেকক সমিতির সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন পিন্টু বলেন, আমরা অনেক সিনিয়র দলিল লেখক হিসেবে গাংনী সাব রেজিস্ট্রার অফিসে কাজ করছি। বর্তমান সাব রেজিষ্ট্রার মাহফুজ রানা অত্যাচারে আমরা সকলেই অতিষ্ট। টাকা ছাড়া একটি কাজও আমরা করতে পারছিনা। আমরা এর প্রতিবাদে উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক সাহেবকে জানিয়েছি। তিনি বিষয়টি দেখবেন বলে আমাদের আশস্ত করেছেন। সাব রেজিস্ট্রারের অপসারণ না হলে এবং তার দুর্নীতি বন্ধ না হলে আগামী রবিবার থেকে কর্ম বিরতি পালন করবো।

সাব-রেজিস্ট্রার মাহফুজ রানা বলেন, আমি সঠিক ভাবে কাগজপত্র দেখে জমি রেজিস্ট্রি সমপন্ন করি। বিগত দিনে অনেকেই যেনতেন ভাবে জমির দলিল সমপন্ন করেছেন। তাতে ক্রেতা বিক্রেতা ও দাতা গ্রহিতাদের উভয়কেই ভোগান্তিতে পড়তে হয়েছে। আমি এসব করতে নিষেধ করেছি। আমার সাথে অনৈতিক সুবিধা না পেয়ে আমার বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে । দলিল সঠিক না হলে তার কাজ ফেরত দেয়া হয়। সেই কাজ আবার শুপারিশ করেন অনেক দলিল লেখক। এসব বিষয় নিয়ে আমি কঠোর। আমি কারো সাথে টাকা পয়সা গ্রহন করিনা বলেও দাবী করেন তিনি।

গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন,ভুক্তভোগীরা আমার কাছে অভিযোগ করেছেন । অভিযোগের বিষয়টি আমি সরাসরি তার অফিসে জানতে গিয়েছিলাম। তবে তাৎক্ষনিক ভাবে সাব রেজিস্ট্রারের সামনেই অনেকেই টাকা নেয়ার বিষয়ে অভিযোগ তুলছিলেন। আমি পরিস্থিতি সামলাতে

সাময়িক ভাবে সকলকে শান্ত করে চলে এসেছি। বিষয়টি গভীর ভাবে দেখা হচ্ছে।

কোটচাঁদপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ পালিত

“মুজিব বর্ষে শপথ করি দুর্যোগে জীবন-সম্পদ রক্ষা করি” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ পালিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে কোটচাঁদপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন ভবনে এই ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ উদ্বোধন করা হয়। কোটচাঁদপুর ফায়ার সার্ভিস স্টেশন অফিসার (ভারপ্রাপ্ত) প্রদীপকুমার মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেন। অনুষ্ঠানে অগ্নি নির্বাপণের বিভিন্ন দিক নির্দেশনা দেন ফায়ার সার্ভিস স্টেশন অফিসার প্রদীপ কুমার।

পরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন প্রাঙ্গণে অগ্নি নির্বাপণের মহড়া পরিদর্শন করেন অতিথি বৃন্দ। এসময় বিশিষ্ট শিল্পপতি তবিবুর রহমান, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন, সাংবাদিক মঈন উদ্দীন খাঁন সহ ফায়ার স্টেশনের সদস্যরা উপস্থিত ছিলেন।

হরিণাকুন্ডুতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২১ এর

উদ্বোধন

মুজিব বর্ষে শপথ করি, দুর্যোগে জীবন-সম্পদ রক্ষা করি এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুন্ডুতে উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের আয়োজনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২১ উদ্বোধন করা হয়।

(৪ নভেম্বর) বৃহস্পতিবারসকালে উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে সম্মেলন কক্ষে স্টেশন অফিসার(ভারপ্রাপ্ত) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্মকর্তা জামাল উদ্দিনের সভাপতিত্বে,এ সভা অনুষ্ঠিত হয়।

এসময় প্রধান অতিথির বক্তব্য দেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা।

এসময় উপস্থিত ছিলেন, হরিণাকুন্ডু পৌরসভা প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের সদস্যবৃন্দ প্রমুখ ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা অগ্নিকাণ্ড, সড়ক দূর্ঘটনাসহ দুর্যোগে মানুষের সেবা করে যাচ্ছেন। অধিকাংশ ক্ষেত্রেই জীবনের ঝুঁকি নিয়ে কাজ করেন তারা। সাহসী এই কর্মীদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান বক্তারা।

ঘর ভাড়া নিয়ে বিরোধের জেরে কোটচাঁদপুরে সংবাদ সম্মেলন

ঘর ভাড়া দিয়ে বিপাকে পড়ে সাংবাদিক সম্মেলন করেছেন মাসুদ আহমেদ শ্যামল নামে এক ঘর মালিক। বৃহস্পতিবার দুপুরে কোটচাঁদপুর মুক্তিযোদ্ধা ভবনে তিনি এ সংবাদ সম্মেলন করেন। ভুক্তভোগী কোটচাঁদপুর সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মরহুম মঈন উদ্দীন আহমেদের ছেলে।

সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রশাসনের সহায়তা কামনা করছি।

মুজিবনগরে বিলুপ্তপ্রায় দেশজ মাছের উৎপাদন বৃদ্ধি ও সংরক্ষণের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ

মুজিবনগরে নদ, নদী,খাল বিল,পুকুর থেকে বিলুপ্তপ্রায় দেশজ মাছ – কৈ, শিং, মাগুর, গুলসা, পাবদা, টেংরা ইত্যাদি মাছের উৎপাদন বৃদ্ধি ও সংরক্ষণের সক্ষমতা বৃদ্ধি বিষয়ে উপজেলার মৎস্য চাষী ও খামারীদের ৪ দিন ব্যাপি প্রশিক্ষণ সনদ বিতরণ করা হয়েছে।

গত সোমবার থেকে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ ও জাইকা এবং মুজিবনগর উপজেলা পরিষদের আয়োজনে মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে ৪ দিন ব্যাপি এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

সনদ বিতরণ অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকারের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্হিত থেকে সনদ বিতরণ করেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, এ সময় উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন।

গত ৪ দিন উপজেলার মৎস্য চাষী ও খামারিদের প্রশিক্ষণ প্রদান করেন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প স্থানীয় সরকার বিভাগের ইউ ডি এফ নুরুল ইসলাম, মুজিবনগর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা (এনএটিপি-২) নাজমুস সাকিব,ক্ষেত্র সহকারী আহসান হাবিব। ৪ দিন দিনব্যাপী এই প্রশিক্ষণে উপজেলার ৩০ জন মৎস্য চাষী ও খামারি অংশগ্রহণ করেন।

[redacted]

[redacted]

আলমডাঙ্গায় ১৩ টি ইউপি নির্বাচনের মনোনয়ন যাচাই বাছাই চলছে

আলমডাঙ্গার ১৩ টি ইউপি নির্বাচনের মনোনয়ন পত্র যাচাই বাছাই চলছে। বৃহস্পতিবার (৪ নভেম্বর) সকাল থেকে চেয়ারম্যান, সংরক্ষিত ও মেম্বার প্রার্থীদের ধাপে ধাপে এ মনোনয়ন যাচাই বাছাই চলে।

সকাল ৯ টার দিকে চেয়ারম্যান, ১০ টায় সংরক্ষিত ও ১১ টায় মেম্বার প্রার্থীদের এ কার্যক্রম চলে।নির্বাচন অফিস সূত্র জানায়, এবারের নির্বাচনে চেয়ারম্যান ৬৩ জন, সংরক্ষিত ১৪২ জন ও মেম্বার ৪৪৮ জন অংশ গ্রহণ করছে। দুপুর পর্যন্ত ইউপি নির্বাচনের মনোনয়ন পত্র যাচাই বাছাই চলবে।

গাংনীতে কবরস্থানের প্রাচীরের সাথে ধাক্কা লেগে মোটরসাইকেল চালকের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে কবরস্থানের প্রাচীরের সাথে ধাক্কা লেগে রাকিবুল ইসলাম (২২) নামের এক মোটরসাইকেল চালক নিহত হয়েছেন।

বুধবার দিবাগত রাত ১১ টায় উপজেলার হিন্দা গ্রামে মর্মান্তিক এ ঘটনা ঘটে। রাকিবুল ইসলাম হিন্দা গ্রামের আব্দুল বারীর ছেলে। এ ঘটনায় প্রবাসী বয়েন উদ্দীনের ছেলে মোটরসাইকেল মালিক জনি আহত হয়েছে।

স্থানীয়রা জানায়, রাকিবুল ইসলাম মোটরসাইকেল চালিয়ে জনিকে সাথে নিয়ে হিন্দা পশ্চিমপাড়া থেকে কবরস্থানের পাশ দিয়ে পূর্বপাড়ার নিজ বাড়িতে যাচ্ছিলেন। পথিমধ্যে কবরস্থানের পাশে পৌছালে প্রচীরের সাথে ধাক্কা লেগে তারা দুজন গুরুত্বর আহত হয়। আহতদের উদ্ধার করে

গাংনী হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক রাকিবুল ইসলামকে মৃত ঘোষনা করেন। এছাড়া আহতবস্থায় জনিকে প্রাথমিক চিকিৎসা দিয়ে বাড়িতে পাঠানো হয়। এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন ইউপি সদস্য মো: জাকির হোসেন।

গাংনী থানার ওসি মো: বজলুর রহমান জানান, মোটরসাইকেল দুর্ঘটনায় মৃত্যু’র ঘটনায় একটি অপমৃত্যু’র মামলা হবে।

মুজিবনগরে নির্বাচনী আচরণবিধি এবং আইন আইনশৃঙ্খলা সংক্রান্ত মতবিনিময় সভা

১১ ই নভেম্বর মুজিবনগর উপজেলার ৪টি ইউনিয়নের আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের সাথে আচরণ বিধি আইন-শৃঙ্খলা সংক্রান্ত মতবিনিময় করেছে জেলা ও উপজেলা প্রশাসন।

নির্বাচন উপলক্ষে বুধবার দুপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে আচরণবিধি ও আইন-শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভার আয়োজন করা হয়। মতবিনিময় সভায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে ও সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ডা. মোহাম্মদ মনসুর আলম খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পুলিশ সুপার রাফিউল আলম, মেহেরপুর জেলা নির্বাচন অফিসার আবু আনছার। আরো উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুর হাশেম, মুজিবনগর উপজেলা নির্বাচন অফিসার মেহেদী হাসান, উপজেলা কৃষি অফিসার ও দায়িত্বপ্রাপ্ত রিটার্নিং অফিসার আনিসুজ্জামান খান, উপজেলা ভাইস চেয়ারম্যান আলহাজ্ব রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন।

উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলার বাগোয়ান, মহাজনপুর, দারিয়াপুর,

মোনাখালী, চারটি ইউনিয়নের নির্বাচনে অংশগ্রহণকারী ২০ জন চেয়ারম্যান পদপ্রার্থী ১৪৩ জন সাধারণ সদস্য পদপ্রার্থী এবং ৪২ জন সংরক্ষিত মহিলা সদস্য পদপ্রার্থীসহ উপজেলা আইন শৃংখলা বিষয়ক কমিটির সদস্যবৃন্দ।

মতবিনিময় সভায় সাধারণ সদস্য, সংরক্ষিত মহিলা সদস্য এবং চেয়ারম্যান পদপ্রার্থীগন তাদের বিভিন্ন অভিযোগের বিষয়ে এবং নির্বাচন সুষ্ঠু করার জন্য প্রশাসনের প্রতি আহ্বান রেখে বক্তব্য প্রদান করেন।

তাদের বক্তব্য ও অভিযোগের প্রক্ষিতে, মেহেরপুর জেলা প্রশাসক ডা. মোহাম্মদ মনসুর আলম খান তার বক্তব্যে বলেন, মুজিবনগর উপজেলা একটি ঐতিহাসিক উপজেলা এই উপজেলার সাথে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাম জড়িত আছে। এই উপজেলায় চারটি ইউনিয়নে নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে হবে। এই নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ করার জন্য তিনি সকল পদপ্রার্থীদের প্রতি সহযোগীতার আহ্বান জানান।